# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

## الفصل الاول

---

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «وَالَّذِي نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهِ لَا يسمع بِي أحدق مِنْ هَذِهِ الْأُمَّةِ يَهُودِيٌّ وَلَا نَصْرَانِيٌّ ثُمَّ يَمُوتُ وَلَمْ يُؤْمِنْ بِالَّذِي أُرْسِلْتُ بِهِ إِلَّا كَانَ من أَصْحَاب النَّار» . رَوَاهُ مُسلم

বাংলা

১০-[৯] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে প্রতিপালকের হাতে মুহাম্মাদের জীবন তাঁর কসম! এ উম্মাতের যে কেউই চাই ইয়াহূদী হোক বা খ্রীষ্টান, আমার রিসালাত ও নুবূওয়্যাত মেনে না নিবে ও আমার প্রেরিত শারী'আতের উপর ঈমান না এনেই মৃত্যুবরণ করবে, সে নিশ্চয়ই জাহান্নামী। (মুসলিম)[1]

## English

Chapter - Section 1

Abu Huraira reported God's messenger as saying, "By Him in whose hand Muhammad's soul is, anyone of this people, Jew or Christian, who hears of me and then dies without believing in my message, will be among those who go to hell."

Muslim transmitted it.

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৫৩, আহমাদ ৮৬০৯, সহীহাহ্ ১৫৭, সহীহ আল জামি' ৭০৬৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে উদ্দেশ্য হলো, তাঁর সময়ের লোক হোক অথবা তাঁর পরবর্তী সময়ের হোক, ক্বিয়ামাত (কিয়ামত) পর্যন্ত যাদের নিকটই মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দা‘ওয়াত পৌঁছবে সে যে ধর্মাবলম্বী হোক না কেন তাদের কর্তব্য মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আহবানে সাড়া দেয়া এবং তার আনীত বিধানের আনুগত্য করা। যাদের প্রতি আল্লাহর নাযিলকৃত গ্রন্থ বিদ্যমান সেই ইয়াহূদী ও নাসারা যখন এ অবস্থা তখন যাদের প্রতি কোন আসমানী গ্রন্থ নাযিল হয়নি সাড়া দেয়ার প্রয়োজনতো আরো বেশী উপযোগী। তবে ইয়াহূদী ও নাসারাদের উল্লেখ এজন্য করা হয়েছে যে, তাদের কুফরী করাটা অধিক দোষণীয়। কেননা তারা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে এরূপ জানে যেরূপ তাদের সন্তান সম্পর্কে জানে। আল্লাহ তা‘আলা বলেনঃ ‘‘তারা তাঁর বিষয়ে তাওরাতে ও ইনজীলে লিখিত বক্তব্য দেখতে পায়।’’ (সূরাহ্ আল আ‘রাফ ৭ঃ ১৫৭)

মুল্লা ‘আলী ক্বারী বলেনঃ হাদীসের অর্থ হচ্ছে ‘‘যে ব্যক্তি আমার নুবূওয়্যাতের কথা শুনার পরও আমার প্রতি ঈমান আনবে না, সে যেই হোক না কেন সে জাহান্নামী’’।

হাদীসের শিক্ষাঃ

(১) আমাদের নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর রিসালাতের মাধ্যমে অন্য সকল ধর্মই রহিত হয়ে গেছে।

(২) যার নিকট ইসলামের দা‘ওয়াত পৌঁছেনি তার আপত্তি গ্রহণযোগ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54642

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন